# সকল পরিবারের জন্য 'রেসপেক্ট ফর অল' তথ্য-উপকরণ



**NYC পাবলিক স্কুলসমূহ সকল শিক্ষার্থীর জন্য একটি নিরাপদ, সহায়ক শিক্ষণ পরিবেশ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। বুলিইং বা মস্তানী বা কোনো ধরনের হয়রানি কখনই গ্রহণযোগ্য নয়, এবং এই ধরনের কাজের জন্য NYC পাবলিক স্কুলস্-এর শৃঙ্খলা বিধি অনুযায়ী শাস্তির ব্যবস্থা গৃহীত হবে: schools.nyc.gov/DisciplineCode.**

**আমরা যেমন বৈষম্য, হয়রানি, ভয়-ভীতি প্রদর্শন, এবং বুলিইং প্রতিরোধে একযোগে কাজ করি, তার পাশাপাশি আপনি যাতে এগুলির লক্ষণ চিনতে পারেন, সেজন্য এসব কাজগুলির প্রকৃতি কেমন হতে পারে, সেটা বোঝাও গুরুত্বপূর্ণ। এসব আচরণ কোনো ব্যক্তির মর্যাদাহানির জন্য করা হতে পারে যার ভিত্তি হতে পারে জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, ধর্ম, ধর্মবিশ্বাস, জাতিগত সূত্র, বয়স, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশভঙ্গী, যৌন অগ্রাধিকার, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, অথবা প্রতিবন্ধিতা, এবং এগুলি সাধারণত চারটি শ্রেণির ন্যূনতম একটিতে পড়ে:**

- **ফিজিক্যাল (শারীরিক):** এর অন্তর্ভুক্ত শারীরিক জখম অথবা ক্ষতি বা আঘাত করার হুমকি যেমন সহিংসতা এবং অলক্ষে অনুসরণ
- **সোশ্যাল (সামাজিক):** কোনো ব্যক্তিকে অপমান অথবা পৃথক করার উদ্দেশ্যে প্রত্যাখ্যান বা বহিষ্কার করা, এর অন্তর্ভুক্ত কোনো ব্যক্তিকে উপহাস করা; চাপ প্রয়োগ বা বলপূর্বক কিছু করানোর চেষ্টা করা
- **ভারবাল (মৌখিক):** কারো প্রতি মানহানিকর অথবা অপমানজনক ভাষার ব্যবহার যেমন নিচু-মনা কৌতুক বা গালি দেওয়া; ইচ্ছাকৃত ভুল সর্বনামের ব্যবহার বা নামের উচ্চারণ
- **লিখিত:** কোনো ব্যক্তিকে বিদ্রুপ করার উদ্দেশ্যে অবমাননাকর লিখিত বা ছাপাকৃত টেক্সট অথবা ছবি; এর অন্তর্ভুক্ত হলো টেকনোলজি ব্যবহার করে ইলেক্ট্রনিক যোগাযোগ (সাইবার-বুলিইং) যেমন সেল ফোন ম্যাসেজ, ইমেইল, সোশ্যাল মিডিয়া, ব্লগ, চ্যাট রুম, এবং গেমিং সিস্টেম ব্যবহার

যদি আপনি এই ধরনের কোনো ইঙ্গিত পান যে আপনার সন্তান অন্যদের প্রতি এইসব আচরণ করছে, অথবা তারা স্কুলে বুলিইংয়ের শিকার হচ্ছে, সেক্ষেত্রে সহায়তার জন্য বিভিন্ন তথ্য-উপকরণ লভ্য রয়েছে।

একবার কোনো রিপোর্ট করা হলে, রিপোর্ট পাবার দুই (2) স্কুল দিবসের মধ্যে পিতামাতা/অভিভাবকদের অবশ্যই জানাতে হবে। স্কুল অভিযোগ তদন্তের আগে, তদন্ত চলাকালে, অথবা পরে পিতামাতাগণ তদের সন্তানের সহায়তার জন্য অনুরোধ জানাতে পারেন।

তদন্তের শেষে, পিতামাতাগণকে দশ (10) স্কুল দিবসের মধ্যে তদন্তের ফলাফল জানানো হবে। যদি প্রয়োজন হয়, শিক্ষার্থীকে সহায়তা পরিষেবাতে সুপারিশ করে পাঠানো হবে।

হয়রানি, বুলিইং, ভীতি-প্রদর্শন অথবা বৈষম্যমূলক আচরণের ঘটনা রিপোর্ট করা অথবা এসবের তদন্তে সহায়তা করার জন্য কারো বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ নিষিদ্ধ। যেসব শিক্ষার্থী মনে করে যে, তারা প্রতিশোধের শিকার, তাদের অতিসত্বর স্কুল প্রশাসকের সাথে যোগাযোগ করা উচিত।

## শিক্ষার্থীগণ এবং পরিবারবর্গ বুলিইং এবং হয়রানি সম্পর্কিত উদ্বেগের বিষয় নিচে উল্লিখিত উপায়ে রিপোর্ট করতে পারেন:

- অনলাইনে যেকোনো ভাষায় **schools.nyc.gov/safety** সাইটে অভিযোগটি দায়ের করে অথবা **schoolsaccount.nyc** সাইটে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টের (NYCSA) মাধ্যমে
- সোমবার থেকে শুক্রবার 8AM–6PM পর্যন্ত NYC পাবলিক স্কুলস্ (NYCPS) হেলপ্ লাইনের 718-935-2288 নম্বরে ফোন করে।
- **RespectforAll@schools.nyc.gov** ঠিকানায় অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্টে (OSYD)-এ ইমেইল করে
- স্কুলের কোনো কর্মী সদস্যকে জানিয়ে অথবা স্কুলের রেসপেক্ট ফর অল লিয়াজোঁ-এর সাথে যোগাযোগ করে
- যদি সমস্যাটির সাথে যৌন বা লিঙ্গ-ভিত্তিক হয়রানী সংশ্লিষ্ট থাকে, তাহলে টাইটেল IX কোঅর্ডিনেটরকে 718-935-4987 নম্বরে ফোন করুন বা **Title_IX_Inquiries@schools.nyc.gov** ঠিকানায় ইমেইলে যোগাযোগ করুন।

## রেসপেক্ট ফর অল লিয়াজোঁ

আপনার স্কুলে একজন নিবেদিত রেসপেক্ট ফর অল লিয়াজোঁ এবং একজন সেক্সুয়্যাল হ্যারাসমেন্ট প্রিভেনশন লিয়াজোঁ রয়েছেন যারা বুলিইং ও হয়রানি দ্বারা ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী এবং পরিবারবর্গকে সহায়তা করেন। আপনি তাদের নামগুলি **schoolsearch.schools.nyc** সাইটে আপনার স্কুলের লিস্টিং পেজের "স্কুল যোগাযোগ এবং তথ্য" সেকশন- এ পাবেন। তাদের নামগুলি স্কুলের আশেপাশে প্রদর্শিত পোস্টারেও পাওয়া যেতে পারে।

## বিনামূল্যে মানসিক স্বাস্থ্য বিষয়ক সহায়তা

**NYC 988** সকল বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য গোপনীতা সহকারে বিনামূল্যে মানসিক স্বাস্থ্য সহায়তা প্রদান করে। একজন কাউন্সিলরের সাথে ফোনে, টেক্সটে, অথবা চ্যাট-এ কথা বলুন এবং সপ্তাহে 7 দিন, প্রতিদিন 24 ঘণ্টা মানসিক স্বাস্থ্য এবং মাদক দ্রব্য অপব্যবহারজনিত পরিষেবা লাভ করুন।

কাউন্সেলরগণ যা যা দিতে পারেন:

- মানসিক চাপ/দুশ্চিন্তা, বিষণ্ণতা, উদ্বেগ, অথবা মাদক-দ্রব্য এবং অ্যালকোহল অপব্যবহারের মতো সমস্যায় তাৎক্ষণিক সহায়তা
- সংকটকালীন কাউন্সেলিং এবং আত্মহত্যা প্রতিরোধক কাউন্সেলিং
- কানেকশন টু পিয়ার স্পেশালিস্ট, যাদের মানসিক স্বাস্থ্য অথবা মাদকদ্রব্য অপব্যবহারের চ্যালেঞ্জ মোকাবেলার ব্যক্তিগত অভিজ্ঞতা রয়েছে
- LGBTQI+ ইয়ুথ অ্যান্ড ইয়াং অ্যাডাল্টস্ - এর জন্য সহায়তা

এদের পক্ষে অথবা অন্য কারো পক্ষাবলম্বনে নিউ ইয়র্কবাসীগণ NYC 988-এর সাথে যোগাযোগ করতে পারেন। তরুণ ছেলে-মেয়েরা তাদের পিতামাতা অথবা প্রযত্নপ্রদানকারীর পক্ষ থেকে এবং যে কেউ কোনো শিক্ষার্থীর পক্ষ থেকে NYC 988 নম্বরে ফোন করতে পারেন। সকল বয়সী মানুষের জন্য সহায়তা 200-এরও অধিক ভাষায় লভ্য।

- **ফোন অথবা টেক্সট করুন:** 988
  - Español: 988, Aprete 2
  - বধিরতা আছে বা কানে কম শোনেন? আপনার অগ্রবিবেচ্য রিলে সার্ভিস ব্যবহার করুন বা প্রথমে 711 নম্বরে, তারপর 988 নম্বরে ডায়াল করুন। NYC 988 কাউন্সেলরগণ ভিডিও রিলে সার্ভিস ব্যবহার করে বধির এবং কানে কম শোনে এমন ব্যক্তিদের কাছ থেকে কল গ্রহণে প্রশিক্ষিত।
  - ভেটারেন্স ক্রাইসিস লাইন: ডায়াল 988, তারপর চাপ দিন 1-এ
  - LGBTQI+ ইয়ুথ অ্যান্ড ইয়াং অ্যাডাল্টস্: ডায়াল 988, তারপর চাপ দিন 3-এ
- **এখন চ্যাট করুন:** **988lifeline.org/chat**-এ
- **পরিষেবা খুঁজে নিন:** **nyc.gov/988**

**ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স BRAVE হটলাইন:**
BRAVE – বিল্ডিং রেসপেক্ট, একসেপট্যান্স, অ্যান্ড ভয়েস থ্রু এডুকেশন –– শিক্ষাবিদ, পিতামাতা, এবং শিক্ষার্থীদেরকে বিভিন্ন উপকরণ, জ্ঞান, এবং সহায়তা প্রদানের মাধ্যমে বুলিইং মোকাবেলা এবং বন্ধে একটি সক্রিয় ভূমিকা পালন করে। ফোনে, টেক্সটে, অথবা অনলাইনে চ্যাট করে BRAVE হটলাইনে যোগাযোগের মাধ্যমে শিক্ষার্থীরা বিনামূল্যে মানসিক স্বাস্থ্য সহায়তা লাভ করতে পারেন।

- **ফোন করুন** 212-709-3222 নম্বরে সোমবার – শুক্রবার, 2:30–9:30PM
- **টেক্সট করুন** 43961 নম্বরে
- **অনলাইনে চ্যাট করুন** **UFT.org/BRAVEchat** সাইটে

